

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১২.২০২১. ১৫৭

তারিখ:

২৪ ফাল্গুন ১৪২৮
০৮ মার্চ ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব দেব দুলাল গুহ নিপুণ (১৭১৩৫১২৮০০৪), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বোয়ালমারী সরকারি কলেজ, ফরিদপুর এর বিরুদ্ধে শিক্ষক কর্মচারী নিয়োগ সংক্রান্ত সরকারি একটি গোপনীয় অফিস আদেশ ফেসবুকে পোস্ট দিয়ে সরকারি গোপনীয়তা ভঙ্গা ও কলেজের ডিজিটেল রেজিস্টার অনুযায়ী মোট ১১ (এগার) কর্মদিবস ডিজিটেল কার্যক্রমে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকা ও পদার্থবিজ্ঞানের পাশাপাশি আইসিটি বিষয়ের ক্লাস পরিচালনার দায়িত্ব পালনে লিখিতভাবে অপরাগতা প্রকাশ করে কর্তৃপক্ষের আদেশ অমান্য এবং এপ্রিল-২০১৯ খ্রি. মাসের বেতন-ভাতার বিল ২য় কর্মস্থল (শেখ হাসিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, গোপালগঞ্জ) হতে গ্রহণ করেও ৩য় কর্মস্থল (বোয়ালমারী সরকারি কলেজ, ফরিদপুর) এ দাখিল করার অভিযোগসমূহ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ২৭/০২/২০২২ খ্রিস্টাব্দে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য ও রেকর্ডপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে ফেসবুকে গোপনীয় তথ্য প্রকাশ, কর্মস্থলে অনুপস্থিত ও আইসিটির ক্লাস না নেয়া প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব দেব দুলাল গুহ নিপুণ (১৭১৩৫১২৮০০৪), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বোয়ালমারী সরকারি কলেজ, ফরিদপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(১)(ক) অনুযায়ী “তিরস্কার” দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ০৭/০৩/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব


নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১২.২০২১. ১৫৭ (৬)

তারিখ:

২৪ ফাল্গুন ১৪২৮
০৮ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব দেব দুলাল গুহ নিপুণ) এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ।
- ২। অধ্যক্ষ, বোয়ালমারী সরকারি কলেজ, ফরিদপুর।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৬। জনাব দেব দুলাল গুহ নিপুণ (১৭১৩৫১২৮০০৪), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বোয়ালমারী সরকারি কলেজ, ফরিদপুর।


(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪২৬৫